

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়  
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ  
বাজেট অধিশাখা

বিষয়: বাজেট ওয়ার্কিং গ্রুপের ১৫-০২-২০১৮ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী:

সভাপতি : রতন চন্দ্র পণ্ডিত, যুগ্ম-সচিব (প্রশাসন), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।

সভার তারিখ : ১৫-০২-২০১৮ খ্রি:

সভার স্থান : সম্মেলন কক্ষ, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।

মধ্যমেয়াদি বাজেট কাঠামো (MTBF) আওতায় বাজেট পরিপত্র-১ এর অনুসরণে অর্থ বিভাগের নির্দেশনায় এ বিভাগ এবং এ বিভাগের অধীনস্থ দপ্তর/সংস্থা সমূহের ২০১৮-১৯ অর্থবছরের বাজেট বই তৈরীর লক্ষ্যে বাজেট কাঠামোর প্রথমভাগ হালনাগাদ করার জন্য আলোচনা ও পর্যালোচনার নিমিত্ত জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের যুগ্ম-সচিব এবং বাজেট ওয়ার্কিং গ্রুপ-এর সভাপতির সভাপতিত্বে একটি সভা গত ১৫-০২-২০১৮ তারিখে অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা পরিশিষ্ট-‘ক’ হিসেবে সংযুক্ত করা হলো।।

২.০. আলোচনা:

২.১. সভাপতি সভার প্রারম্ভে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের উপ-সচিব (বাজেট) সভাকে অবহিত করেন যে, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ ও এ বিভাগের দপ্তর/সংস্থা (পেট্রোবাংলা, বিপিসি, হাইড্রোকার্বন ইউনিট, জিএসবি, বিএমডি, বিপিআই ও বিস্ফোরক পরিদপ্তর) বাজেট কাঠামোর ১ম ভাগের (বর্ণনামূলক অংশ) উল্লেখযোগ্য দিকসমূহ মিশন স্টেটমেন্ট ও প্রধান কার্যাবলী, কৌশলগত উদ্দেশ্য ও কার্যক্রমসমূহ, দারিদ্র নিরসন ও নারী উন্নয়ন সংক্রান্ত তথ্য, অগ্রাধিকার খাত/কর্মসূচিসমূহ, প্রধান কর্মকৃতি নির্দেশকসমূহ এবং সাম্প্রতিক অর্জনসমূহ আলোচনা ও পর্যালোচনার মাধ্যমে হালনাগাদ করা প্রয়োজন। তিনি আরও বলেন যে, ২০১৮-১৯ অর্থবছর হতে জলবায়ু বাস্তব বাজেট প্রস্তুত করার জন্য অর্থ বিভাগ হতে প্রয়োজনীয় নির্দেশনা দেয়া হয়েছে এবং বাজেট কাঠামোর ১ম ভাগের বর্ণনামূলক অংশে জলবায়ুর প্রভাব অন্তর্ভুক্ত করা হয়েছে। এ বিষয়ে সভাপতি বলেন যে, মিশন স্টেটমেন্ট এবং প্রধান কার্যাবলি পরিবর্তনের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে করা প্রয়োজন। আলোচনায় অংশগ্রহণ করে হাইড্রোকার্বন এর পরিচালক জনাব এ এস এম মঞ্জুরুল কাদের সভায় এ বিভাগের প্রণীত Annual Performance Agriment (APA) এর সাথে মিল রেখে আগামী বছরের বাজেট কাঠামো প্রস্তুতের পরামর্শ করেন। তিনি বলেন যে, গ্যাস- কয়লা অনুসন্ধান ও ব্যবহারে যাতে কার্বন কম নিঃসরণ হয় সেভাবে প্রকল্প সমূহ প্রণয়ন করা প্রয়োজন। সভায় এ বিভাগের Key Performance Indicator (KPI) নির্ধারণ নিয়ে বিশদ আলোচনা করা হয়।

২.২. বিস্তারিত আলোচনার পর নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

সিদ্ধান্তঃ

- ক) মিশন স্টেটমেন্ট এবং প্রধান কার্যাবলি পরিবর্তনের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে প্রণয়ন করতে হবে;
- খ) ২০১৮-১৯ অর্থ বছরের Key Performance Indicator (KPI) এ LNG আমদানি ও গ্যাস সরবরাহের বিষয়টি সংযোজন করতে হবে;
- গ) এ বিভাগের প্রণীত Annual Performance Agriment (APA) এর সাথে মিল রেখে আগামী বছরের বাজেট কাঠামো প্রণয়ন করতে হবে।
- ঘ) গ্যাস - কয়লা অনুসন্ধান ও ব্যবহারে কার্বন ডাই-অক্সাইড নিঃসরণ সহনীয় পর্যায়ে রাখার জন্য বাস্তবায়নধীন প্রকল্পসমূহে প্রয়োজনীয় পরিকল্পনা গ্রহণ করতে হবে।

২.৩. পরিশেষে সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-

২২-০২-২০১৮

(রতন চন্দ্র পণ্ডিত)

যুগ্ম-সচিব (প্রশাসন)

ও

সভাপতি

বাজেট ওয়ার্কিং গ্রুপ

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ


তারিখ: ২২.০২.২০১৮ খ্রিঃ

নং ২৮.০০.০০০০.০৪০.০৯.১৭- ২২৮

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

পরের পৃষ্ঠায়ঃ

১. উপ- সচিব, (বাজেট-১৫) অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
২. পরিচালক (অপা: ও পরি:), বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন, চট্টগ্রাম।
৩. পরিচালক (অর্থ ও পরি:), পেট্রোবাংলা, কাওরান বাজার, ঢাকা।
৪. পরিচালক, হাইড্রোকার্বন ইউনিট, কাওরান বাজার, ঢাকা।
৫. উপ-প্রধান, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
৬. উপ-সচিব (প্রশাসন-১), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
৭. পরিচালক, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো, সেগুন বাগিচা, ঢাকা।
৮. পরিচালক, বাংলাদেশ পেট্রোলিয়াম ইনস্টিটিউট, ঢাকা।
৯. পরিচালক, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর, সেগুন বাগিচা, ঢাকা।
১০. সিনিয়র সহকারী প্রধান, সেক্টর ডিভিশন, পরিকল্পনা কমিশন, আগারগাঁও, ঢাকা।
১১. প্রধান বিজ্ঞানিক পরিদর্শক, বিজ্ঞানিক পরিদপ্তর, সেগুন বাগিচা, ঢাকা।
১২. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা।
১৩. সচিবের একান্ত সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
১৪. আই সি টি কর্মকর্তা, আই সি টি সেল, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ (নোটিশটি ওয়েবসাইটে আপলোড করার অনুরোধ সহ)।
১৫. যুগ্ম-সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
১৬. অফিস কপি।

  
22.02.21  
(মোছা: হুমায়রা বেগম)  
হিসাবরক্ষণ কর্মকর্তা  
ফোন: ৯৫৭০৪৮০

humayrab7@gmail.com